**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে একটি কালচারাল হাব তৈরি করার জন্য ডোনার মন্ত্রক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছে।**

**(২) রাজ্যের পরিসংখ্যানমন্ত্রী বিকাশ দেববর্মা রাজ্যে পরিসংখ্যান পরিকাঠামোকে আরও শক্তিশালী করতে ৪টি নতুন জেলা স্তরের পরিসংখ্যান অফিস স্থাপনের দাবি জানান।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলম্বোয় শ্রীলঙ্কায় রাষ্ট্রপতি অনুরা দিশানায়েকের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন ।**

**(৪) তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে ।**

*******************************************

**CM–State Art & Craft Festival :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার লিচুবাগানস্থিত সরকারি চারু ও কারুকলা মহাবিদ্যালয়ে তিনদিনব্যাপী বিপুল কান্তি সাহা চারু ও কারু কলা উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, ভাস্কর্য শিল্পী প্রয়াত বিপুল কান্তি সাহার চিন্তা চেতনা আগামী প্রজন্মের কাছে পৌঁছে দেওয়ার উদ্দেশ্যেই এই উৎসবের আয়োজন করা হয়। রাজন্য আমল থেকে তার শিল্পচর্চার ব্যাপ্তি ছড়িয়ে ছিল রাজ্যের গন্ডি পেরিয়ে দেশ বিদেশে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে একটি কালচারাল হাব তৈরি করার জন্য ডোনার মন্ত্রক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করেছে। রাজ্য সরকারও এবারের বাজেটে তিন কোটি টাকা সংস্থান রেখেছে। তিনি বলেন, রাজ্য সরকার উত্তরপ্রদেশের

সরকারের সঙ্গেও সংস্কৃতির আদান-প্রদানের জন্য চুক্তি স্বাক্ষর করেছে। মুখ্যমন্ত্রী নেশার কবল থেকে যুব সমাজকে মুক্ত করতে সংস্কৃতি চর্চার উপর গুরুত্ব আরোপ করেন।

#######Byte-CM#######

অনুষ্ঠানে বক্তব্য রাখেন তথ্য-সংস্কৃতি দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, প্রয়াত বিপুল কান্তি সাহার সহধর্মিনী বিশিষ্ট ভাস্কর্য শিল্পী দীপিকা সাহা প্রমুখ। তিন দিনব্যাপী এই উৎসবে ১০টি স্টল ছাড়াও রয়েছে বসে আঁকো প্রতিযোগিতা সাংস্কৃতিক অনুষ্ঠান ও সেমিনারের আয়োজন করা হয়েছে।

***************************

**MOSPI-Conference :**

পরিসংখ্যান ও কর্মসূচি রূপায়ণ মন্ত্রকের উদ্যোগে আজ নয়াদিল্লিতে বিভিন্ন রাজ্য সরকারের পরিসংখ্যান মন্ত্রীদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্যের পরিসংখ্যানমন্ত্রী বিকাশ দেববর্মা রাজ্যে পরিসংখ্যান পরিকাঠামোকে আরও শক্তিশালী করতে ৪টি নতুন জেলা স্তরের পরিসংখ্যান অফিস স্থাপন এবং পর্যাপ্ত কর্মী নিয়োগের জন্য বৈঠকে দাবি জানান। তিনি জানান, উন্নয়নের সঠিক পরিকল্পনা ও কার্যকর বাস্তবায়নের জন্য নির্ভরযোগ্য ও সুসংহত তথ্যভিত্তিক কাঠামো গড়ে তোলা অত্যন্ত জরুরি। রাজ্যের পরিসংখ্যান পরিকাঠামোর উন্নয়ন বিকশিত ভারত ২০৪৭ বাস্তবায়নের এক গুরুত্বপূর্ণ ধাপ।

****************************

**CM-IGM Hospital :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার স্বাস্থ্য পরিষেবার সার্বিক উন্নয়নে প্রয়াস জারি রেখেছে। আজ আইজিএম হাসপাতালটি পরিদর্শনকালে তিনি সাংবাদিকদের একথা বলেন। তিনি রোগীদের আন্তরিকতার সঙ্গে পরিষেবা দিতে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের

প্রতি অনুরোধ জানিয়েছেন। মুখ্যমন্ত্রী আই.জি.এম হাসপাতালে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার উপরও গুরুত্ব আরোপ করেন।

******************************

**MLA-Bishalgarh :**

বিধায়ক সুশান্ত দেব আজ সিপাহীজলা জেলার গোলাঘাটি বাজারে বিবেকানন্দ শিশু সদন বিদ্যালয়ের নুতন পাকা বাড়ির উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন অতসী দাস, বিশালগড় প্রেস ক্লাবের সভাপতি ভবতোষ ঘোষ।

**************************

**Kanchanpur By Pass Road Visit :**

কাঞ্চনপুর শহরকে যানজট মুক্ত করতে এবং সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নতিতে এবার কাঞ্চনপুরে নতুন বাইপাস সড়ক নির্মাণের পরিকল্পনা হাতে নিয়েছে রাজ্য সরকার। সেই পরিকল্পনা বাস্তবায়নের জন্য আজ বিধায়ক ফিলিপ কুমার রিয়াং, মহকুমা শাসক ডাঃ দীপক কুমার সহ প্রশাসনিক এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল কাঞ্চনপুরের দোপাতাছড়া, শান্তিপুর এবং অহল্যাপুর এলাকায় সড়ক নির্মাণের জায়গা পরিদর্শন করেন।

**************************

**Sudip Roy Barman :**

বিধায়ক সুদীপ রায় বর্মণ রাজ্য সরকারের চুক্তিবদ্ধ মহিলা কর্মচারীদের চাইল্ড কেয়ার লিভ চালুর জন্য দাবি জানিয়েছেন। তিনি আজ এক চিঠিতে মুখ্য সচিবের কাছে এই দাবি জানান।

***************************

**South-Police :**

বিলোনিয়ার সার্কিট হাউসে আয়োজিত এক অনুষ্ঠানে আজ দক্ষিণ জেলার ১২ জন পুলিশ কর্মীকে পুরস্কৃত করা হয়। ট্রাফিক আইন কার্যকরীভাবে

প্রয়োগের জন্য ট্রাফিকের দায়িত্বপ্রাপ্ত জেলার ডেপুটি পুলিশ সুপার সুমিতাভ দেবনাথকে বিশেষ পুরষ্কার, জেলার সেরা ওসি হিসাবে পিআরবাড়ি থানার ওসি রতন রবিদাস সহ জেলায় কর্মরত পুলিশ সাব - ইনস্পেকটর, পুলিশ কনস্টেবল ও এসপিও মিলিয়ে ১২ জনকে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে পৌরহিত্য করেন দক্ষিণ জেলার পুলিশ সুপার মৌর্য কৃষ্ণ চন্দ্রশেখর।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-Sri Lanka :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলম্বোয় রাষ্ট্রপতির সচিবালয়ে শ্রীলঙ্কার রাষ্ট্রপতি অনুরা দিশানায়েকের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন। আলোচনায় ভারত ও শ্রীলঙ্কার মধ্যে ঘনিষ্ঠ দ্বিপাক্ষিক সম্পর্ক আরও গভীর করার লক্ষ্যে ভবিষ্যতের জন্য অংশীদারিত্ব বৃদ্ধির যৌথ দৃষ্টিভঙ্গির প্রতি তাদের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করার উপর আলোকপাত করা হয়। দুই নেতার উপস্থিতিতে আজ কৌশলগত ও উন্নয়নমূলক অংশীদারিত্বকে উন্নীত করার জন্য ভারত ও শ্রীলঙ্কা প্রতিরক্ষা, জ্বালানি এবং বাণিজ্য ক্ষেত্রে চুক্তি স্বাক্ষর করেছে।

শ্রীলঙ্কার রাষ্ট্রপতি দু'দেশের মধ্যে স্থায়ী বন্ধুত্বের প্রতীক হিসেবে শ্রী মোদীকে মিত্র বিভূষণ পুরস্কারে ভূষিত করেন। উভয় নেতা সামপুর বিদ্যুৎ প্রকল্পের ভার্চুয়াল ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এই প্রকল্পটি এনটিপিসি এবং সিলোন বিদ্যুৎ বোর্ড যৌথভাবে বাস্তবায়িত করবে এবং শ্রীলঙ্কার জ্বালানি নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে কাজ করবে। প্রধানমন্ত্রী মোদী বিরোধী দলনেতা সাজিথ প্রেমাদাসা এবং তামিল দলগুলির নেতাদের সঙ্গেও সাক্ষাৎ করেন। যৌথ সাংবাদিক সম্মেলনে ভাষণ দেওয়ার সময়, শ্রী মোদী শ্রীলঙ্কার প্রতি ভারতের সমর্থন এবং প্রতিবেশী প্রথম নীতি এবং মহাসাগর দৃষ্টিভঙ্গির উপর জোর দেন।

########Byte-PM#######

রাষ্ট্রপতি দিশানায়েকে বিভিন্ন সংকটের সময় ভারত এবং প্রধানমন্ত্রী মোদীকে সমর্থনের জন্য ধন্যবাদ জানান। তিনি পুনরায় নিশ্চিত করেন যে শ্রীলঙ্কা তার ভূখন্ডকে ভারতের নিরাপত্তা বা আঞ্চলিক স্থিতিশীলতার জন্য ক্ষতিকর কোনও উপায়ে ব্যবহার করতে দেবে না। শ্রী মোদী বলেন যে, উপকূলীয় তামিলদের জন্য ১০,০০০ ঘর নির্মাণের কাজ শীঘ্রই সম্পন্ন করার জন্য প্রচেষ্টা চালানো হবে। ত্রিনকোমালিতে তিরুকোনেশ্বরম মন্দির সংস্কারে সহায়তা করার পাশাপাশি, ভারত অনুরাধাপুর মহাবোধি মন্দির কমপ্লেক্সে পবিত্র শহর এবং নুওয়ারা এলিয়ায় সীতা এলিয়া মন্দির নির্মাণেও সহায়তা প্রদান করবে।

**************************

**Waqf Bill :**

সংখ্যালঘু বিষয়ক মন্ত্রক আজ ওয়াকফ (সংশোধনী) বিল, ২০২৫ সম্পর্কিত ভুল ধারণা ভেঙে দিয়ে জানিয়েছে যে ওয়াকফ আইন, ১৯৯৫ প্রবর্তনের আগে এবং ওয়াকফ আইন, ১৯৯৫ এর অধীনে ওয়াকফ হিসাবে নিবন্ধিত কোনও সম্পত্তি বাতিল করা হবে না। আরো বলা হয় যে একবার কোনও সম্পত্তি ওয়াকফ ঘোষণা করা হলে, এটি স্থায়ীভাবে সেইভাবেই থাকার কথা। বিলটি কেবল উন্নত ব্যবস্থাপনা এবং স্বচ্ছতার জন্য নিয়মগুলি স্পষ্ট করে।

মন্ত্রক আরও স্পষ্ট করে জানিয়েছে যে ওয়াকফ বোর্ডগুলিতে অমুসলিমদের অন্তর্ভুক্ত করা হবে, তবে তারা সংখ্যাগরিষ্ঠ হবে না। এতে আরও বলা

হয়েছে যে কোনও ব্যক্তিগত জমি অধিগ্রহণ করা হবে না এবং বিলটি কেবলমাত্র ওয়াকফ ঘোষিত সম্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য। কেবলমাত্র স্বেচ্ছায় এবং আইনত ওয়াকফ হিসাবে উৎসর্গ করা সম্পদই নতুন নিয়মের আওতাভুক্ত। বিলটি জেলা কালেক্টরের পদমর্যাদার একজন কর্মকর্তাকে সরকারি সম্পত্তি ভুলভাবে ওয়াকফ হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়েছে কিনা তা পর্যালোচনা এবং যাচাই করার ক্ষমতা দেয়, তবে এটি বৈধভাবে ঘোষিত ওয়াকফ সম্পত্তি বাজেয়াপ্ত করার অনুমোদন দেয় না।

****************************

**Basanti Puja–Kumari Puja :**

আজ বাসন্তি পূজার মহাঅষ্টমী। প্রথা মেনে আগরতলার দূর্গাবাড়িতে বেশ ধর্মীয় ভাব গম্ভীর পরিবেশে বাসন্তী পূজা অনুষ্ঠিত হচ্ছে। মহা অষ্টমী তিথিতে দুর্গাবাড়ি মন্ডপে অসংখ্য ভক্তবৃন্দের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। পূজা শেষে ভক্তরা দেবীর চরণে অঞ্জলি নিবেদন করেন। এদিকে মহাঅষ্টমী তিথিতে আগরতলার আনন্দময়ী আশ্রমে কুমারী পূজা অনুষ্ঠিত হয়।

****************************

**Opioid Substitution therapy centre :**

পশ্চিম জেলার জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল আজ নন্দননগর আরবান প্রাইমারি হেলথ সেন্টারে আয়োজিত এক অনুষ্ঠানে পশ্চিম জেলার জন্য ১৮টি ও.পি.ডি সাবস্টিটিউশন থেরাপি কেন্দ্রের উদ্বোধন করেন। মাদকাসক্তদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার উদ্দেশ্যেই এই কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছে। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক সজল বিশ্বাস, CMO ডা: রঞ্জন বিশ্বাস প্রমুখ।

**************************

**DM–South :**

দক্ষিণ জেলার নবম জেলাশাসক হিসাবে মহম্মদ সাজ্জাদ পি আজ দায়িত্বভার গ্রহণ করেছেন। তিনি স্মিতা মল এম এসের স্থলাভিষিক্ত হয়েছেন। বিদায়ী

জেলাশাসক স্মিতা মলকে আজ জেলাশাসক অফিসের আধিকারিক ও কর্মচারীরা বিদায় সংবর্ধনা জ্ঞাপন করেন। উল্লেখ করা যেতে পারে তিনি সম্প্রতি জেলাভিত্তিক সরস মেলায় স্থানীয় শিল্পীদের সঙ্গে নৃত্যে অংশগ্রহন ও বিলোনিয়া রবীন্দ্র পরিষদের বসন্ত উৎসবে একক রবীন্দ্র নৃত্য পরিবেশন করে জেলার সংস্কৃতিমনস্ক জনগণের ভূয়সী প্রশংসা লাভ করেন।

******************************

**Fish Farmers-Workshop :**

সিপাহীজলা জেলার মৎস্য চাষীদের নিয়ে আজ চড়িলাম লীলা দেব স্মৃতি কমিউনিটি হলে "মিষ্টি জলে জলজ চাষ" বিষয়ে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলা মৎস্য দপ্তর আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। তিনি বলেন, বর্তমানে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার কৃষক, মৎস্য চাষী সহ সমাজে পিছিয়ে পড়া সব অংশের মানুষের জন্য কাজ করছে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় মাছ বিক্রির সুবিধার্থে জেলার ৩ জন মৎস্যচাষীকে তিনটি ত্রি-চক্রযান ও আইস ব্যাগ প্রদান করা হয়। উপস্থিত ছিলেন জিলা পরিষদের দারিদ্র দূরীকরণ কমিটির সভানেত্রী বেলা দেবনাথ, চড়িলাম পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন খেলা ভৌমিক প্রমুখ।

******************************

**Knockout Cricket :**

তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের টি আই টি মাঠে আসরের ফাইনালে ব্লাডমাউথ ক্লাব ১০৯ রানে জয়নগর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে ব্লাডমাউথ ক্লাব ৪৭ ওভার ২ বল-এ সবকটি উইকেট হারিয়ে ২৩২ রান করে। জবাবে জয়নগর ক্রিকেট ক্লাব ৩২ ওভার ৪ বল-এ ১২৩ রানে সবাই আউট হয়ে যায়।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস।

*****************************